

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২১

কুমারঘাট, ২৫ জুন, ২০২৪

গুরুপ্রসাদ রিয়াৎ পাড়া জে বি বিদ্যালয়ে প্রশাসনিক শিবির

কুমারঘাট মহকুমার ফটিকছড়া দশরথ দেব ভিলেজের গুরুপ্রসাদ রিয়াৎ পাড়া জে বি বিদ্যালয়ে আজ প্রশাসনিক ও স্বাস্থ্যশিবির অনুষ্ঠিত হয়। প্রশাসনের সুযোগ সুবিধা জনগণের কাছে পৌছে দিতে কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মৎস্য, কৃষি, গ্রাম উন্নয়ন, টিআরপি এন্ড পিটিজি, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, পঞ্চায়েত, শিক্ষা, পানীয়জল ও স্বাস্থ্যবিধান এবং স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। প্রশাসনিক প্রতিনিধিগণ এলাকাবাসীকে সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ও কর্মসূচির সুবিধা গ্রহণ করার আহ্বান জানান। শিবিরে মহকুমা শাসক এন এস চাকমা, কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুনীপ ভৌমিক ও অন্যান্য আধিকারিকগণ এলাকাবাসীর সাথে উন্নয়নমূলক কর্মসূচি ও স্থানীয় সমস্যা নিয়ে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় জানানো হয় প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে ভিলেজের ডিএম কলোনীতে ৬১টি আবাসের অনুমোদন পাওয়া গেছে। তাছাড়া প্রধানমন্ত্রী জনমন প্রকল্পে রিয়াৎ জনজাতি পরিবারের জন্য আরও ১৮টি আবাসের অনুমোদন পাওয়া গেছে।

প্রশাসনিক ও স্বাস্থ্যশিবিরে মহকুমা প্রশাসন থেকে ৭০টি পিআরটিসি ও ১০৮টি এসটি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। শিবিরে অনলাইনে ১৫টি রিয়াৎ পরিবারের আয়ুষ্মান কার্ডের আবেদনপত্র পূরণ করা হয়। তাছাড়া শিবিরে ১৯টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ৬২ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

\*\*\*\*\*